

রাজবাড়ীতে ৮,৮০০ পিস ইয়াবাসহ তিনজন গ্রেফতার



গোপন সংবাদের ভিত্তিতে অদ্য ১১/০৪/২০১৭ খ্রিঃ তারিখ জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, রাজবাড়ীর সহকারী পরিচালক জনাব রাজিব মিনা এর নেতৃত্বে পরিদর্শক (ভারপ্রাপ্ত) মোঃ আয়াত আলী, উপ-পরিদর্শক মোঃ এনামুল হক, সহকারী উপ-পরিদর্শক মুহাম্মদ সাইফুর রহমান, সর্ব সিপাই মোঃ জামির উদ্দিন ও দিন্দারসহ একটি রেইডিং টিম নিয়ে রাজবাড়ী সদর থানার

নিমতলা গ্রামে অভিযান পরিচালনা করে সকাল ০৭ঃ০০ ঘটিকার সময় ১,৮০০ (এক হাজার আটশত) পিচ ইয়াবা ট্যাবলেটসহ মোঃ রহিম মোল্লা (২৮) পিতা- মৃত আঃ কাদের মোল্লা, ঠিকানা : নিমতলা, ইউ.পি : শহীদওহাবপুর, থানা ও জেলা : রাজবাড়ী কে তার নিজ বাড়ী থেকে গ্রেফতার করে। অপর এক অভিযানে উক্ত টিম রাজবাড়ী শহরের সজ্জনকান্দা, সেগুন বাগান এলাকা থেকে দুপুর ১২ঃ০০ ঘটিকার সময় ৭,০০০ (সাত হাজার) পিচ ইয়াবা ট্যাবলেটসহ (১) মোঃ আনিচুর রহমান সেলিম ওরফে চাচা সেলিম (৩৫), পিতা- মৃত নুরুল হোসেন খান, ঠিকানাঃ সজ্জনকান্দা (সেগুন বাগান) ৪নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা, থানা ও জেলা : রাজবাড়ী কে তার নিজ বাড়ী থেকে এবং তার মাদক ব্যবসার পার্টনার মোঃ ফারুক মিয়া (৩৩), পিতা- মৃত আনসার উদ্দিন মিয়া, ঠিকানা : চর বাঘমারা, ইউ.পি : রামকান্তপুর, থানা ও জেলা : রাজবাড়ী কে গ্রেফতার করে। উক্ত ০৩ (তিন) জন আসামীর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়েরের প্রস্তুতি চলছে।